**বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড**
**পল্লী ভবন**
**৫, কাওরান বাজার, ঢাকা।**
brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৫০২.০১.১৮৮(২).২০. ৫৭৬৮ তারিখ:১৫ অক্টোবর/২০২০ খ্রিষ্টাব্দ।

বিষয়: মহেশপুর ইউসিসিএ লিমিটেড, ঝিনাইদহ এর নিজস্ব তহবিল হতে ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা ঋণ বিনিয়োগ অনুমোদন।

সূত্র: বিআরডিবি, ঝিনাইদহ জেলাদপ্তরের পত্র নং-৭৫৩, তাং: ২১/০৯/২০২০ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের প্রস্তাবমতে মহেশপুর ইউসিসিএ লিমিটেড, ঝিনাইদহ এর নিজস্ব তহবিল হতে ২০২০-২০২১ অর্থবছরে ১ম পর্যায়ে ১২ টি কৃষক সমবায় সমিতির (তালিকা সংযুক্ত) মোট ২০৩ জন সদস্যদের মধ্যে কলা চাষ খাতে ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা ঋণ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বিতরণের চূড়ান্ত অনুমোদন প্রদান করা হলো:-

১।(ক) পূর্বের গৃহীত ঋণ সমিতি ও সদস্য কর্তৃক ১০০% পরিশোধ এবং ঋণ গ্রহীতা সদস্যদের ১০% শেয়ার ১০% সঞ্চয় জমা থাকতে হবে। সরেজমিনে সমিতি পরিদর্শনপূর্বক সাপ্তাহিক/মাসিক কিস্তিতে ঋণ আদায়ের বিষয়টি নিশ্চিত হয়ে মঞ্জুরীকৃত ঋণ বিতরণ করতে হবে। কিস্তিতে ঋণ আদায় মনিটর করতে হবে এবং কিস্তিতে ঋণ আদায় না হলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(খ) ঋণ গ্রহীতা সমিতির খাতাপত্র হালনাগাদসহ সমিতির সাইনবোর্ড আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। সমিতির সভ্য রেজিস্ট্রার ইউসিসিএতে সংরক্ষিত সভ্য তালিকার সাথে যথাযথভাবে যাচাই করে মিলিয়ে নিতে হবে।

(গ) নিজস্ব তহবিল থেকে বিতরণকৃত ঋণ সরকার প্রদত্ত কোনরূপ ( আসল, সুদ ও দন্ডসুদ) মওকুফ বা রেয়াতী সুবিধার আওতাভুক্ত হবে না। ঋণ বিতরণের পূর্বেই এমর্মে ঋণ গ্রহীতার নিকট হতে অঙ্গীকার পত্র গ্রহণ করতে হবে।

(ঘ) বিআরডিবি'র পত্র নং- ৪৭.৬২.০০০০.৫০২.০৫.১৩৬.০১.৩৩১৯, তারিখ-০৬/৬/১৮ খ্রিষ্টাব্দ মূলে জারিকৃত ইউসিসিএ লি. এর নিজস্ব তহবিল হতে ঋণ বিতরণের সংশোধিত নীতিমালা অনুসরণ করতে হবে এবং সর্বোচ্চ সতর্কতা ও স্বচ্ছতা অবলম্বন করতে হবে। ঋণের সেবামূল্য সরল হারে (Flat rate method) বার্ষিক ১১% হবে।

(ঙ) ঋণ গ্রহণেচ্ছু সদস্যগণের ঋণ প্রক্রিয়াকরণের সময় জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত (এআরডিও কর্তৃক) কপি আবশ্যিকভাবে দাখিল করতে হবে। ঋণ বিতরণের সময় জাতীয় পরিচয় পত্রের মূল কপির সাথে সদস্যের স্বাক্ষর, ছবি ও অন্যান্য তথ্য মিলিয়ে দেখতে হবে। ঋণ গ্রহীতার নাম ও অন্যান্য তথ্য সভ্য রেজিস্ট্রারের সাথে মিল থাকতে হবে।

(চ) আদায় অগ্রগতি নিয়মিত মনিটর করার জন্য সাপ্তাহিক ঋণ আদায় শীট (WCS) ব্যবহার নিশ্চিত করতে হবে।

২। উপপরিচালক, ঝিনাইদহ এবং উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মহেশপুর ইউসিসিএ লিমিটেড ঝিনাইদহ এর ঋণ বিতরণ কার্যক্রম ব্যক্তিগতভাবে তদারকি করে সুষ্ঠু বিতরণ নিশ্চিত করবেন, যাতে ১০০% ঋণ ও সেবামূল্য আদায় নিশ্চিত হয়। ব্যর্থতায় সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ব্যক্তিগত ভাবে দায়ী থাকবেন।

৩। ঋণ বিতরণের পূর্বে সংশ্লিষ্ট সমিতির নামে আনুপাতিক হারে শেয়ার ও সঞ্চয় জমা নিশ্চিত করতে হবে।

৪। ঋণ বিতরণের তারিখে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে সমবায়ীদেরকে ঋণের সঠিক ব্যবহার ও যথাসময়ে ঋণ পরিশোধে উদ্বুদ্ধ করবেন।

সংযুক্তি: বর্ণনামতে ১২ টি সমিতির নামের তালিকা।

২৫/১০/২০

আবদুর রশিদ
(যুগ্মসচিব)
পরিচালক (সরেজমিন)
ফোনঃ ৮১৮০০০৬

উপপরিচালক
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ঝিনাইদহ।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৫০২.০১.১৮৮(২).২০.৫৭৮৮

তারিখ: ২৫ অক্টোবর/২০২০ খ্রিষ্টাব্দ।

অনুলিপি :-

১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মহেশপুর, ঝিনাইদহ ।
২। সভাপতি, মহেশপুর ইউসিসিএ লিমিটেড, মহেশপুর, ঝিনাইদহ ।
৩। উপপরিচালক, প্রোগ্রামিং বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৫/১০/২০২০

ফেরদৌস মামুন শিমুল
উপপরিচালক (ঋণ)
বিআরডিবি, ঢাকা।

**বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড**
**সরেজমিন বিভাগ**
**ঋণ শাখা।**

২০২০-২০২১ অর্থবছরে মহেশপুর ইউসিসিএ লিমিটেড ঝিনাইদহ এর নিজস্ব তহবিল থেকে মঞ্জুরীকৃত ১২ (বার) টি কৃষক সমবায় সমিতির নামের তালিকা।

(লক্ষ টাকায়)

| ক্র. নং | সমিতির নাম | সদস্য সংখ্যা | ঋণের খাত | ২০২০-২০২১ অর্থবছরে নিজস্ব তহবিল থেকে চূড়ান্ত অনুমোদিত ঋণ |
|---|---|---|---|---|
| ১ | শ্রীনাথপুর কৃষক সমবায় সমিতি লিমিটেড | ২৪ | কলা চাষ | ৬.০০ |
| ২ | বৈঁচিতলা কৃষক সমবায় সমিতি লিমিটেড | ১৪ | | ৩.৫০ |
| ৩ | একতারপুর কৃষক সমবায় সমিতি লিমিটেড | ১৫ | | ৩.০০ |
| ৪ | সাড়াতলা কৃষক সমবায় সমিতি লিমিটেড | ১৬ | | ৪.০০ |
| ৫ | হুদোপাড়া কৃষক সমবায় সমিতি লিমিটেড | ১৫ | | ৩.৭৫ |
| ৬ | ঘোপেরমাঠ কৃষক সমবায় সমিতি লিমিটেড | ১৭ | | ৪.২৫ |
| ৭ | কারিঞ্চা কৃষক সমবায় সমিতি লিমিটেড | ১৭ | | ৪.২৫ |
| ৮ | কৃষ্ণপুর কৃষক সমবায় সমিতি লিমিটেড | ১৩ | | ৩.২৫ |
| ৯ | চারা তলা কৃষক সমবায় সমিতি লিমিটেড | ১২ | | ৩.০০ |
| ১০ | সেজিয়া কৃষক সমবায় সমিতি লিমিটেড | ২১ | | ৫.২৫ |
| ১১ | ছয়ঘরিয়া কৃষক সমবায় সমিতি লিমিটেড | ২৪ | | ৬.০০ |
| ১২ | হুদোকুশোডাঙ্গা কৃষক সমবায় সমিতি লিমিটেড | ১৫ | | ৩.৭৫ |
| সর্বমোট | | ২০৩ | | ৫০.০০ |

কথায়: পঞ্চাশ লক্ষ টাকা।

১৮/১০/২০২০
মোঃ সিফাত আজাদ
সহকারী পরিচালক (ঋণ)
বিআরডিবি, ঢাকা।

১৮/১০/২০২০
ফেরদৌস মামুন শিমুল
উপপরিচালক (ঋণ)
বিআরডিবি, ঢাকা।